

নেত্রকোনা সরকারি কলেজ অধ্যক্ষের কার্যালয় ও বাসায় ছাত্রলীগের তালা

নেত্রকোনা প্রতিনিধি

নেত্রকোনা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর এএনএম মাহবুবুর রহমান ডুইয়াকে জামায়াতের একজন সক্রিয় কর্মী দাবি করে কলেজ শাখা ছাত্রলীগ কর্মীরা বৃহস্পতিবার অধ্যক্ষের কার্যালয় ও বাসভবনে তালা বুলিয়েছে। তাঁরা অনুভবিলে অধ্যক্ষের অপসারণ ও শাস্তির দাবি জানিয়ে কলেজ ক্যাম্পাসে মিছিল ও বিফলোট বিতরণ করেছে। এ ঘটনায় কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে। ছাত্রলীগ নেতাদের অভিযোগ, কলেজের অধ্যক্ষ এএনএম মাহবুবুর রহমান জামায়াত ইসলামীর একজন সক্রিয় কর্মী। তিনি জামায়াত ও শিবির কর্মীদের প্রত্যেক এবং পরোকভাবে সহযোগিতা করছেন। ১৬ নভেম্বর সূত্রে গ্যাস ফিল্ড এলাকায় গাজী গ্রামে জামায়াতের দীর্ঘ নেতাদের নিয়ে গোপন বৈঠক এবং জেলা শহরে পুলিশের ওপর হুমলা ও নাশকতা সৃষ্টির জন্য জামায়াত নেতাদের সঙ্গে গোপন বৈঠক করেন। ১৮ নভেম্বর কলেজ ক্যাম্পাসে শিবির কর্মী নজরুল ইসলামকে দিয়ে নাশকতা সৃষ্টিতে মদদ দেন। এছাড়াও কলেজে ছাত্র সংসদের সামনে ছাত্রলীগের জন্ম মেরামতে বাধা, ছাত্র সংসদ কার্যালয়

মেরামত ও বিভিন্ন মেরামত বাতে ১০ লাখ, খেলাধুলা ও বিজ্ঞানাগারের সরঞ্জাম ক্রয়ের ৫ লাখ টাকাও আত্মসাৎ করেন।

এ সময় কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগের বিক্ষোভ সমাবেশে যুক্ত্য করেন জেলা ছাত্রলীগের সভাপতি ফয়সাল আহমেদ রনি, সাধারণ সম্পাদক খোরশেদুল আহমদ, কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি সুমন সরকার অপু, সম্পাদক সাকিব খান রানা প্রমুখ। সমাবেশ শেষে অধ্যক্ষ এএনএম মাহবুবুর রহমানের অপসারণ ও শাস্তির দাবিতে ছাত্রলীগের নেতাকর্মীরা অফিস কক্ষ ও বাসভবনে তালা বুলিয়ে দেয়।

অধ্যক্ষ এএনএম মাহবুবুর রহমান ডুইয়া অভিযোগ অস্বীকার করে জানান, শিক্ষকতা ছাড়া কোনো রাজনৈতিক কর্মকাণ্ড বা কোনো রাজনৈতিক দলের সঙ্গে তার সংশ্লিষ্টতা নেই। একটি মহল উদ্ভানিমূলকভাবে তার বিরুদ্ধে ছাত্রদের ব্যবহার করে এসব অপবাদ ছড়িয়েছে।

অধ্যক্ষ এএনএম মাহবুবুর রহমান ডুইয়া শুক্রবার বিকালে ময়মনসিংহ থেকে ফিরে সহকর্মীদের সহায়তায় অফিস কক্ষের তালা খোলেন।